গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.০০০.১২৯.০৬.০০৮.২৫.২৪৩

তারিখ: ০৬ফাল্গুন ১৪৩২ / ১৯ ফেব্রুয়ারি ২০২৬

# বদলি বরাদ্দ

০৩.০২.২০২৬ তারিখে অনুষ্ঠিত বাসা বরাদ্দ কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক ঢাকার আজিমপুরস্থ জাজেস কোয়ার্টারে বিচার বিভাগীয় কর্মকর্তাগণের জন্য ৯০ টি ফ্ল্যাট সম্বলিত বহুতল আবাসিক ভবন এবং আজিমপুরস্থ পুরাতন জাজেস কোয়ার্টারের ভবনসমূহে বর্ণিত কর্মকর্তাগণের আবেদনের প্রেক্ষিতে নিম্নোক্ত ফ্ল্যাটের বদলি বরাদ্দ প্রদান করা হলো :

| ক্রম | নাম ও পদবী | পূর্বের বরাদ্দকৃত ফ্ল্যাট | নতুন বরাদ্দকৃত ফ্ল্যাট |
|---|---|---|---|
| ১ | জনাব আয়শা নাসরীন<br>বিশেষ জজ (জেলা ও দায়রা জজ),বিশেষ জজ আদালত-২, ঢাকা | ১৮/এ | বহুতল জাজেস কোয়ার্টার-এর ১৬/বি |
| ২ | জনাব মোঃ পারভেজ শাহ্রিয়ার<br>ল্যান্ড সার্ভে আপীল ট্রাই:, জেলা ও দায়রা জজ, ঢাকা | পলাশ-৫ | বহুতল জাজেস কোয়ার্টার-এর ১৯/এ |
| ৩ | জনাব মোঃ সাদেকীন হাবীব বাপপী<br>অতিরিক্ত মহানগর দায়রা জজ, ৬ষ্ঠ আদালত, ঢাকা | ১৭/সি | বহুতল জাজেস কোয়ার্টার-এর ২/বি |
| ৪ | জনাব দিদারুল আলম<br>মেট্রো: ম্যাজি:, চীফ মেট্রো: ম্যাজি: কোর্ট, ঢাকা | ৮/সি | বহুতল জাজেস কোয়ার্টার-এর ৯/সি |
| ৬ | জনাব মোঃ শামসুল হক<br>সিভিল জজ, সিনিয়র সিভিল জজ আদালত, সাভার, ঢাকা | ১৯/ডি | পলাশ-১ |
| ৭ | জনাব রাফিয়া সুলতানা<br>সংযুক্ত কর্মকর্তা (যুগ্ম জেলা ও দায়রা জজ)<br>আইন ও বিচার বিভাগ | কনকচাঁপা-১ | বহুতল জাজেস কোয়ার্টার-এর ১৯/ই |
| ৮ | জনাব মোঃ হাদিউজ্জামান<br>স্পেশাল মেট্রো: ম্যাজি: (যুগ্ম জেলা ও দায়রা জজ),ডেসকো, ঢাকা | ৩/ডি | বহুতল জাজেস কোয়ার্টার-এর ৭/সি |

শর্তসমূহ :

১. এই বরাদ্দ দখল গ্রহণের তারিখ হতে কার্যকর হবে।
২. বরাদ্দকৃত ফ্ল্যাট সরকারি সম্পত্তি গণ্যে যথাযথ হেফাজত ও পরিচর্যা করতে হবে। আপনি বরাদ্দ প্রাপক আদেশ জারী না হওয়া পর্যন্ত বাসাটিতে বসবাস করতে পারবেন। বরাদ্দপত্র জারী হওয়ার পর দখল গ্রহণের তারিখ হতে ১০ (দশ) দিনের মধ্যে দখল গ্রহণের বিষয়টি সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৫, আইন ও বিচার বিভাগকে লিখিতভাবে অবহিত করতে হবে।
৩. বরাদ্দগ্রহীতাকে দখল গ্রহণের দিন হতে বরাদ্দগ্রহীতার অফিস মারফত বা হিসাবরক্ষণ অফিসের মাধ্যমে প্রতি মাসে বিদ্যুৎ বিল, গ্যাস বিল, পানি বিলসহ অন্যান্য বিল ও সরকারি পাওনা নিয়মিত পরিশোধ করতে হবে। বরাদ্দগ্রহীতা অন্যত্র বদলী কিংবা চাকরী হতে অবসর গ্রহণ ইত্যাদি বাবদ বাসা হস্তান্তরের সময় যাবতীয় পাওনাদি পরিশোধপূর্বক তাকে আইন ও বিচার বিভাগ থেকে না-দাবি সনদ/ছাড়পত্র গ্রহণ করতে হবে।
৪. ফ্ল্যাটের দখল বুঝে নেওয়ার সময় সকল বৈদ্যুতিক পাখা, ইলেকট্রিক ও অন্যান্য ফিটিংস বুঝে নিতে হবে।
৫. বরাদ্দগ্রহীতা ঢাকার বাইরে বদলি হলে চার্জ বুঝিয়ে দেওয়ার ৬০ (ষাট) দিনের মধ্যে অবশ্যই বাসার দখল কর্তৃপক্ষের নিকট বুঝিয়ে দিতে হবে।
৬. ফ্ল্যাটের অংশবিশেষ অন্য কারো নিকট হস্তান্তর বা সাবলেট দেওয়া যাবে না।
৭. পরিশোধিত বিদ্যুৎ বিলের ফটোকপি প্রতি মাসে বাসা বরাদ্দ কমিটির নিকট জমা দিতে হবে। বরাদ্দপ্রাপ্ত বাসস্থানে বরাদ্দগ্রহীতার অবস্থানকালীন সময়ে বিদ্যুৎ/গ্যাস বিল বকেয়া থাকার তথ্য প্রমাণিত হলে বরাদ্দ বাতিল করা হবে।
৮. উপরোক্ত শর্তাবলী ছাড়াও সরকারি আবাসন সংক্রান্ত বিধিসমূহ এক্ষেত্রে প্রযোজ্য হবে।
৯. কর্তৃপক্ষ উপযুক্ত কারণে প্রদত্ত বরাদ্দ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বদলি বরাদ্দের আদেশ জারি করা হলো।

১৯/০২/২৬
(কামরুল হাসান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
section5@lawjustice div.gov.bd
ফোন: ২২৩৩৫৭৪২০

নম্বর : ১০.০০.০০০০.০০০.১২৯.০৬.০০৮.২৫.২৪৩/১(৯)

তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩২ / ১৯ ফেব্রুয়ারি ২০২৬

সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৪। জনাব---------------------------------------------------------------------বদলি বরাদ্দ গ্রহীতা
৫। চীফ একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৬। চীফ একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার-------------------------------------------------------
৭। নির্বাহী প্রকৌশলী, আজিমপুর গণপূর্ত বিভাগ, নিউমার্কেট, ঢাকা
৮। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৯। অফিস কপি।

১৯/০২/২৬
(কামরুল হাসান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)